রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, নভেম্বর ২৯, ২০২১**

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
মানব সম্পদ শাখা-১

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/২৫ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **১১.০০.০০০০.৮০৩.০৬.০২৮.২১.৩৮২**—জাতীয় সংসদ সচিবালয় আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ৮ নং আইন) এর ধারা ২১ এ প্রদত্ত ক্ষমতাবলে সংসদ সচিবালয় কমিশনের সাথে মাননীয় স্পীকারের পরামর্শক্রমে, সংসদ সচিবালয় কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৪ (২০১৯ সালের মার্চ পর্যন্ত সংশোধিত) এর তফসিলের ক্রমিক-৬, ১১, ৩৫, ৩৬, ৮৫, ১১১, ১২৭ ও ১২৯ এর বিপরীতে বিদ্যমান এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপনপূর্বক উক্ত বিধিমালা সংশোধন করা হলো :

| তফসিলের ক্রমিক নং | পদের নাম | পদের গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ৬. | উপসচিব | গ্রেড-৫ | - | ৮৫% জাতীয় সংসদ সচিবালয়ের সিনিয়র সহকারী সচিব, সিনিয়র কমিটি অফিসার, সিনিয়র প্রটোকল অফিসার, উপপরিচালক (প্রশিক্ষণ/গণ-সংযোগ) ও সিনিয়র প্রটোকল অফিসার (এক্সটার্নাল এ্যাফেয়ার্স)-গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** **সিনিয়র সহকারী সচিব,** সিনিয়র কমিটি অফিসার, সিনিয়র প্রটোকল অফিসার অথবা উপপরিচালক (প্রশিক্ষণ/গণ-সংযোগ/ রিপোর্টিং/বিতর্ক সম্পাদনা /প্রকাশনা/ গ্রন্থাগার/ টেকনিক্যাল সাপোর্ট/ গবেষণা ও শিক্ষা)/ |


মূল্য : টাকা ৮·০০

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| | | | | ১৫% জাতীয় সংসদ সচিবালয়ের উপপরিচালক (রিপোর্টিং/বিতর্ক/সম্পাদনা/প্রকাশনা/গ্রন্থাগার/টেকনিক্যাল সাপোর্ট/গবেষণা ও শিক্ষা/সিনিয়র সিস্টেম এনালিস্ট/মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সিনিয়র লেজিসলেটিভ ড্রাফ্টস্ম্যান/ল'অফিসার)-গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br><br>তাহাদের মধ্য হইতে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উপসচিব বা সমপদমর্যাদা সম্পন্ন কোনো সরকারি কর্মকর্তার প্রেষণে বদলির মাধ্যমে। | সিনিয়র সিস্টেম এনালিষ্ট/মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সিনিয়র লেজিসলেটিভ ড্রাফ্টস্ম্যান/ল'অফিসার/সিনিয়র প্রটোকল অফিসার (এক্সটার্নাল এ্যাফেয়ার্স) হিসেবে অন্যূন ৩ বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ কোনো ৯ম হইতে ৬ষ্ঠ গ্রেডের পদে অন্যূন ১০ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। তবে সরাসরি নিয়োগপ্রাপ্ত সিনিয়র সিস্টেম এনালিষ্ট/মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/ল'অফিসারের ক্ষেত্রে স্বপদে অন্যূন ৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১১. | পরিচালক (ইনফরমেশন টেকনোলজি) | গ্রেড-৫ | | জাতীয় সংসদ সচিবালয়ের সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার ও সিনিয়র কম্পিউটার প্রোগ্রামার -গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br><br>তাহাদের মধ্য হইতে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে সমপদমর্যাদাসম্পন্ন কোনো সরকারি কর্মকর্তার প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(১) সিনিয়র সিস্টেম এনালিষ্ট অথবা মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার অথবা সিনিয়র কম্পিউটার প্রোগ্রামার হিসেবে অন্যূন ৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা<br>(২) সিনিয়র সিস্টেম এনালিষ্ট অথবা মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার অথবা সিনিয়র কম্পিউটার প্রোগ্রামার হিসেবে অন্যূন ৩ বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ কোনো ৯ম হইতে ৬ষ্ঠ গ্রেডের পদে অন্যূন ১০ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৩৫. | সিনিয়র লেজিসলেটিভ ড্রাফ্টস্ম্যান | গ্রেড-৬ | | জাতীয় সংসদ সচিবালয়ের লেজিসলেটিভ ড্রাফ্টস্ম্যান ও সহকারী আইন কর্মকর্তাগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>তাহাদের মধ্য হইতে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে লেজিসলেটিভ ড্রাফটিং এ অভিজ্ঞ উপযুক্ত কোনো সরকারি কর্মকর্তা প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>লেজিসলেটিভ ড্রাফ্টস্ম্যান অথবা সহকারী আইন কর্মকর্তা হিসেবে অন্যূন ৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| ৩৬. | ল'অফিসার | গ্রেড-৬ | ৪০ | জাতীয় সংসদ সচিবালয়ের লেজিসলেটিভ ড্রাফ্টস্‌ম্যান ও সহকারী আইন কর্মকর্তাগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। তাহাদের মধ্য হইতে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে। | **পদোন্নতির ক্ষেত্রে :** লেজিসলেটিভ ড্রাফ্টস্‌ম্যান অথবা সহকারী আইন কর্মকর্তা হিসেবে অন্যূন ৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ আইন বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে আইন শ্রেণির বিষয়ে অন্যূন দ্বিতীয় স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি। আইনজীবী হিসেবে দেওয়ানি ও ফৌজদারি মামলায় অন্যূন ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৮৫. | সহকারী প্রটোকল অফিসার | গ্রেড-১০ | ৩০ | ২৫% জাতীয় সংসদ সচিবালয়ের সাঁটমুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর, প্রটোকল এ্যাসিস্ট্যান্ট, গাইড-গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** (১) সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, প্রটোকল এ্যাসিস্ট্যান্ট হিসেবে ৫ বছরের অভিজ্ঞতা অথবা গাইড হিসেবে অন্যূন ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি। ইংরেজি কথোপকথনে পারদর্শীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১১১. | টেকনিশিয়ান (নেটওয়ার্ক) | গ্রেড-১৩ | ৩০ | ১৫% জাতীয় সংসদ সচিবালয়ের লাইনম্যানগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। ৮৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** (১) কোনো অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে এইচএসসি পাসসহ লাইনম্যান হিসেবে অন্যূন ০৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| | | | | | (২) "Standard Aptitude Test" এ উত্তীর্ণ হইতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কম্পিউটার সায়েন্স/ নেটওয়ার্কিং/ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন টেকনোলজিতে ডিপ্লোমা। |
| ১২৭. | প্রুফ রিডার | গ্রেড-১৪ | ৩০ | ২৫% জাতীয় সংসদ সচিবালয়ের লাইব্রেরী এটেনডেন্টগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>লাইব্রেরী এটেনডেন্ট হিসেবে ৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ অন্যূন এইচএসসি বা সমমানের পাস হইতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এইচএসসি পাস। প্রুফ রিডিং এ অন্যূন ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১২৯. | ড্রাইভার | গ্রেড-১৫ | ৩০ | ৫% জাতীয় সংসদ সচিবালয়ের ক্লীনার/হেল্পার-গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>৯৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>ক্লীনার/হেল্পার হিসেবে অন্যূন ৫ বৎসরের অভিজ্ঞতাসহ ভারী যানবাহন চালানোর ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন ৮ম শ্রেণি পাস এবং ভারী যানবাহন চালানোর ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে। |

স্পীকারের আদেশক্রমে

**মোহাম্মদ খালেদুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd